

স্বাধীনতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা : কাম উপপাড়া
www.lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসদাতার কার্যালয়
কুড়িগ্রাম সদর উপজেলা

প্রাপ্তি নং: ১৬৪/১৯৯
তারিখ: ১৬/১০/২০২০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

১১ কার্তিক ১৪২৭
২৭ অক্টোবর ২০২০

উপজেলা নির্বাহী অফিসদাতার কার্যালয়
কুড়িগ্রাম সদর উপজেলা



স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৯৯৩০

বিষয় : উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদনের ফি নির্ধারণ সংক্রান্ত।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৯৯৩০ তারিখ-১০/০৭/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুনগতমান নিশ্চিতকরণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে গত ১০/০৭/২০১৭ তারিখে সূত্রের স্মারকে একটি নির্দেশনা জারী করা হয়। কিন্তু উক্ত নির্দেশিকায় নকশা অনুমোদনের ফি এর বিষয়টি উল্লেখ ছিল না। এক্ষেত্রে উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদনের জন্য ফি নিম্নবর্ণিত হারে নির্ধারণ করা হলো :

- আবাসিক/বাণিজ্যিক ইমারত-স্থাপনার নকশা অনুমোদনের আবেদনপত্রের মূল্য ৩০০ (তিনশত) টাকা।
- আবাসিক/বাণিজ্যিক ভবনের নকশা অনুমোদন ফি প্রতি বর্গফুট ০১ (এক) টাকা হারে ধার্য করা হলো। তবে ভবনের মেঝের আয়তন যাই হোক না কেন নকশা অনুমোদন ফি সর্বনিম্ন ৩০০০ (তিন হাজার) টাকা এবং সর্বোচ্চ ২৫০০০ (পঁচিশ হাজার) টাকার বেশি ধার্য করা যাবে না।
- ভবন নির্মাণের নকশা অনুমোদনের ফি বাবদ প্রাপ্ত অর্থের ৫০% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের তহবিলে প্রদান করতে হবে। অবশিষ্ট ৫০% অর্থ উপজেলা পরিষদের তহবিলে জমা হবে। উক্ত অর্থ হতে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক সংশ্লিষ্ট কমিটির সদস্যগণের সম্মানীভাৱা, আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করা যাবে।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।


(মোহাম্মাদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫
up1lgd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


- জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)-----জেলা।
- চেয়ারম্যান-----উপজেলা পরিষদ-----জেলা।
- উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা-----জেলা।
- চেয়ারম্যান-----ইউনিয়ন পরিষদ-----উপজেলা-----জেলা।

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৯৯৩০

তারিখ : ১১ কার্তিক ১৪২৭
২৭ অক্টোবর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- বিভাগীয় কমিশনার (সকল)-----জেলা।
- মহাপরিচালক (মইই উইং)/অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সভাপতি, ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ/সভাপতি, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস, বাংলাদেশ।
- সভাপতি, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানার্স, বাংলাদেশ।
- সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অফিস কপি।


(মোহাম্মাদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

তফসিল - ১

[বিধি ২ এর দফা (চ) দ্রষ্টব্য]

Building Construction Act, 1952 (E. B. Act II of 1953) এর Section 3 এবং 3c এর অধীন ইমারত নির্মাণ/পুকুর খনন/পাহাড় কর্তন বা ধ্বংস সাধন অনুমোদনের জন্য আবেদন পত্রের ফরম।

- ১। আবেদনকারী/আবেদনকারীগণের পূর্ণ নাম :
- ২। আবেদনকারী/আবেদনকারীগণের পূর্ণ ঠিকানা :
 - (ক) বর্তমান/ডাকযোগাযোগের ঠিকানা :
 - (খ) স্থায়ী ঠিকানা :
- ৩। যে দাগের জমিতে ইমারত নির্মাণ/পুকুর খনন/পাহাড় কর্তন বা ধ্বংস সাধন করা হইবে উহার বিবরণ -
 - (ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/গ্রাম/মহল্লা/উন্নয়নকৃত এলাকার নাম :
 - (খ) দাগ ও খতিয়ান নং (জরিপ মোতাবেক)/প্লট নং :
 - (গ) মৌজার নাম/ব্লক নং/সেক্টর নং :
 - (ঘ) ওয়ার্ড নং (প্রযোজ্য ক্ষেত্রে) :
 - (ঙ) রাস্তার নাম :
 - (চ) সিট নং (প্রযোজ্য ক্ষেত্রে) :
 - (ছ) দাগে আবেদনকারী/আবেদনকারীগণের অংশের পরিমাণ :
 - (জ) আবেদনকারী/আবেদনকারীগণ কি সূত্রে সাইটের জমি অর্জন করিয়াছেন (মালিকানার প্রমাণপত্র দাখিল করিতে হইবে) :
- ৪। সাইটের বিবরণ -
 - (ক) সাইটের আয়তন (ক্ষেত্রফল) :
 - (খ) সাইটের চৌহদ্দী (বাহুর পরিমাণ) :

উত্তরে :	পূর্বে :
দক্ষিণে :	পশ্চিমে :
 - (গ) ইমারত দ্বারা সাইটের যে পরিমাণ স্থান আচ্ছাদিত হইবে তাহার বিশদ বিবরণ-

১ম তলা :	
অন্যান্য তলা :	

X

- (ঘ) সাইটের নিকটস্থ রাস্তার বিবরণ -
- (১) নাম :
- (২) অবস্থান (কোনদিকে) :
- (৩) দূরত্ব :
- (৪) বিস্তার :
- (ঙ) নিকটস্থ রাস্তা হইতে সাইটে যাতায়াতের উপায় :
- (চ) সাইটের বিভিন্ন দিকে যে পরিমাণ স্থান উন্মুক্ত রাখা হইবে-
- * উত্তর সীমানা হইতে :
- * দক্ষিণ সীমানা হইতে :
- * পূর্ব সীমানা হইতে :
- * পশ্চিম সীমানা হইতে :
- ৫। সাইটের পূর্ব নির্মিত কাঁচা/পাঁকা ইমারতের (যদি থাকে) বিবরণ-
- (ক) পূর্ব নির্মিত ইমারতের সংখ্যা ও তদ্বারা বেষ্টিত স্থানের পরিমাণ :
- (খ) প্রস্তাবিত ইমারত নির্মাণ অনুমোদিত হইলে পূর্ব নির্মিত ইমারতের কোন অংশ ভাঙিতে হইবে কিনা এবং হইলে তদ্বারা বেষ্টিত স্থানের পরিমাণ :
- ৬। এলাকার বিভিন্ন সেবা-সুযোগের বিবরণ -
- (ক) বিদ্যুৎ সরবরাহ লাইন আছে কিনা :
- (খ) পানি সরবরাহ লাইন আছে কিনা :
- (গ) গ্যাস সরবরাহ লাইন আছে কিনা :
- (ঘ) পয়ঃনিষ্কাশন লাইন আছে কিনা :
- (ঙ) প্রস্তাবিত ইমারতের ক্ষেত্রে সেপটিক ট্যাংকের ব্যবস্থা আছে কিনা :
- ৭। প্রস্তাবিত ইমারত নির্মাণ/ পুকুর খনন/ পাহাড় কর্তন বা ধ্বংস সাধনের কাজ কখন শুরু হইবে :
- ৮। প্রস্তাবিত ইমারত নির্মাণ/পুকুর খনন/পাহাড় কর্তন বা ধ্বংস সাধনের উদ্দেশ্য :
- ৯। অথরাইজড অফিসারের অনুমোদন ব্যতীত আবেদনকারী পূর্বে কোন ইমারত নির্মাণ/পুকুর খনন/ পাহাড় কর্তন বা ধ্বংস সাধন করিয়া থাকিলে তজ্জন্য তাহার বিরুদ্ধে Building Construction Act, 1952 (E.B. Act II of 1953) এর অধীন নোটিশ জারী হইয়াছে কিনা:
- ১০। প্রস্তাবিত ইমারত নির্মাণ/পুকুর খনন/পাহাড় কর্তন বা ধ্বংস সাধন সম্পর্কে আবেদনকারীর বিরুদ্ধে Building Construction Act, 1952 (E. B. Act II of 1953) এর Section 12 এর অধীন কোন মামলা দায়ের করা হইয়াছে কিনা :

১১। প্রস্তাবিত পুকুর খনন/পাহাড় কর্তন বা ধ্বংস সাধনের স্থান হইতে নিকটবর্তী-

- (ক) রাস্তার দুরত্ব :
(খ) ইমারতের দুরত্ব :
(গ) পয়ঃ নালার দুরত্ব :
(ঘ) বিদ্যুৎ সরবরাহ লাইনের দুরত্ব :
(ঙ) গ্যাস সরবরাহ লাইনের দুরত্ব :

আমি ইমারত নির্মাণ/পুকুর খনন/পাহাড় কর্তন বা ধ্বংস

সাধন অনুমোদনের জন্য প্রয়োজনীয় নকশার ফর্ম এবং টাকা ফি

..... ব্যাংক শাখার ব্যাংক ড্রাফট/পেঅর্ডার/ট্রেজারী চালান নং

তারিখ এর মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দিয়া উক্ত ব্যাংক

ড্রাফট/পেঅর্ডার/ট্রেজারী চালান এর কপি এতদসঙ্গে সংযুক্ত করতঃ ঘোষণা করিতেছি যে, সংযুক্ত

নকশা ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ সোতাবেক প্রণীত এবং এই আবেদনপত্রে বর্ণিত তথ্য ও সংযুক্ত

নকশার সমস্ত বিবরণ সত্য।

তারিখ :

আবেদনকারীর/আবেদনকারীগণের স্বাক্ষর

পূর্ণ নাম

ঠিকানা

ফোন নং (যদি থাকে)

স্বাস্থ্য অধিদপ্তর কার্যালয়
কুড়িয়াস।

পত্র নং: ১১২৭
তারিখ: ১১/১১/১৯

১) জরুরি
২) অতীত অফিসি
৩) জমাই গোল করান
৪) বাননা মিন/গোল করান
৫) ফালোচনা স্থানিক
৬) নার্স ফাইল/সরেক্ষা/নোটিশ মোত

UDA
১১/১১/১৯
১১/১১/১৯
UE

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র শেখ
হাসিনার মূলমন্ত্র

তারিখ: ১৩/১১/১৯
১৩/১১/১৯

নং- ৪৬.০০.০০০০.০১৭.১৯.০০৪.১৫-৫৪২

তারিখ: ১৩/১১/১৯

বিষয়: উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এবং এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণ।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর দ্বিতীয় তফসিলের ২২ নম্বর ক্রমিকে ইউনিয়নে নতুন বাড়ি, দালান নির্মাণ বা পুনঃনির্মাণ এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদ এর দায়িত্ব রয়েছে। এ প্রেক্ষিতে উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

০২. উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা-বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণ বিষয়ক কমিটি'র গঠন:

১.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ	-	সভাপতি
২.	উপজেলা নির্বাহী অফিসার	-	সদস্য
৩.	সহকারী কমিশনার (ভূমি)	-	সদস্য
৪.	উপজেলা প্রকৌশলী, এলজিইডি	-	সদস্য
৫.	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	-	সদস্য
৬.	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি	-	সদস্য
৭.	ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রতিনিধি	-	সদস্য
৮.	ইনস্টিটিউট অব আর্কিটেক্টস, বাংলাদেশ এর প্রতিনিধি	-	সদস্য
৯.	বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানারস এর প্রতিনিধি	-	সদস্য
১০.	ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স অব বাংলাদেশ এর প্রতিনিধি	-	সদস্য
১১.	সহকারী প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী (সহকারী প্রকৌশলী না থাকলে)	-	সদস্য সচিব

৩. কমিটির কার্য পরিধি:

- উক্ত কমিটি Building Construction Act. 1952 ও Bangladesh National Building Code-1993 সহ অন্যান্য প্রচলিত বিধি-বিধান অনুসরণ করবে।
- উক্ত কমিটি উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় সুউচ্চ নয় এমন ভবনের [৭ তলা বা ৭৫ ফুট পর্যন্ত] নকশা অনুমোদন করবে।
- প্রতি তিন মাসে কমিটির ন্যূনতম একটি সভা অনুষ্ঠিত হবে।
- কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হবে এবং কোরাম গঠনের জন্য ৫-৯ নম্বর ক্রমিকে উল্লিখিত কারিগরি ব্যক্তিদের ন্যূনতম ০২ (দুই) জলের উপস্থিতি প্রয়োজন হবে।
- কমিটি উহার সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে, প্রয়োজনে, অন্য যে কোন প্রতিষ্ঠান বা অভিজ্ঞ কোন পেশাজীবী কর্মকর্তা/বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করতে পারবে।
- ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণ বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:
 - ইমারত নির্মাণের জন্য ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর তফসিল-১ এ উল্লিখিত আবেদন ধরে

পৃষ্ঠা-১

স্থানীয় সরকার শাখা
কুড়িয়াস।
নং ১১২৭
তারিখ ১১/১১/১৯

১১-১১-১৯
১১-১১-১৯
১১-১১-১৯

- আবেদন করতে হবে। আবেদনপত্র দাখিলের পর কমিটি সকল কাগজ এবং নকশা প্রণেতার যথাযথ যোগ্যতা সকল কিছু পরীক্ষা করে লে-আউট প্ল্যানের অনুমোদন প্রদান করবে।
- (২) আবেদন পত্রের সাথে কমপক্ষে নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত না থাকলে আবেদন গ্রহণ করা যাবে না।
- (ক) BNBC (Bangladesh National Building Code) অনুযায়ী কীপ্ল্যান (প্রযোজ্য ক্ষেত্রে), সাইট প্ল্যান, বিল্ডিং প্ল্যান, সার্ভিস প্ল্যান, স্পেসিফিকেশন এবং নির্মাণ তদারকি কাজে নিয়োজিত প্রকৌশলীর সম্মতিপত্র।
- (খ) সাত ফুট নকশা।
- (গ) জমির মালিকানা প্রমাণের জন্য দলিল, (প্রযোজ্য ক্ষেত্রে) পর্চা, হালসনের ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রমানপত্র ইত্যাদি।
- (ঘ) যোগ্যতা সম্পন্ন প্রকৌশলী কর্তৃক মাটির ভার বহন ক্ষমতার সনদ।
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে ভূমি ব্যবহার ছাড়পত্র।
- (৩) ভবন নির্মাণের পূর্বে নির্মাতা প্ল্যান প্রণয়ন ও সুপারভিশন প্রকৌশলী নিয়োগ করবেন এবং Architectural & Structural Design অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন নিশ্চিত করবেন। নিয়োজিত প্রকৌশলী নির্মাণ কাজ সুপারভিশন করবেন। এ বিষয়ে সকল দায়-দায়িত্ব ভবন নির্মাতা/ নিয়োজিত প্রকৌশলীর উপর বর্তাবে মর্মে অঙ্গীকারনামা কমিটির নিকট দাখিল করতে হবে।
- (৪) নকশা প্রণয়নকারীর যথাযথ কারিগরী যোগ্যতা থাকতে হবে। প্রতিটি নকশায় প্রণেতার স্বাক্ষর, পেশাদারী সংগঠনের দেয়া পরিচিতি নম্বর এবং মালিকের স্বাক্ষর থাকতে হবে। নকশা প্রণয়নকারীর যোগাযোগের ঠিকানা থাকতে হবে। কমিটি নকশা প্রণয়নকারীসহ অন্যান্য স্বাক্ষরকারীর সঠিকতা যাচাই করার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।
- (৫) প্ল্যান অনুমোদন প্রক্রিয়ার সাথে জড়িত সংশ্লিষ্ট সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন পরিষদের কর্মকর্তাবৃন্দ কোন অবস্থাতে প্ল্যান প্রণয়নের সাথে জড়িত থাকতে পারবে না।
- (৬) ভবন নির্মাণের অনুমতিপত্র পাওয়ার পর ভবনের লে-আউট প্রদানের সময় ভবনের মালিক সুপারভিশন ইঞ্জিনিয়ারের উপস্থিত থাকা নিশ্চিত করবেন। গ্রিন্ড লেভেল পর্যন্ত নির্মাণের পর সুপারভিশন ইঞ্জিনিয়ার এবং ভবনের মালিকের যৌথ স্বাক্ষরে নির্ধারিত ফরমে একটি প্রতিবেদন কমিটি বরাবর প্রেরণ করবে।
- (৭) কমিটি প্রাথমিক প্রতিবেদন প্রাপ্তির পর সরেজমিন পরিদর্শনে অনুমোদিত প্ল্যানের সাথে কোন প্রকার বিচ্যুতি ধরা পড়লে মালিক ও সুপারভিশন ইঞ্জিনিয়ারকে তা সংশোধন করতে সুনির্দিষ্ট করে লিখিতভাবে জানাবে। ভবন মালিক সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ না করলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে অবৈধ অংশ অপসারণ কিংবা অনুমতিপত্র বাতিল করার আদেশ প্রদান করবে।
- (৮) প্রতিটি ফ্লোরের ছাদ ঢালাই করার পর মালিক ও সুপারভিশন ইঞ্জিনিয়ারের যৌথ স্বাক্ষরে একটি করে কার্য সম্পাদন প্রতিবেদন কমিটির সভাপতি বরাবর দাখিল করতে হবে।
- (৯) নির্মাণ চলাকালীন পার্শ্ববর্তী ভবন, অবকাঠামো এবং জনগণের কোন প্রকার ক্ষতিসাধন করা যাবে না।
- (১০) BNBC (Bangladesh National Building Code) এর কোড অনুযায়ী ইমারত সেবা (Building Service) যথা পানি সরবরাহ পয়ঃনিষ্কাশন, ডেনেজ, গ্যাস সরবরাহ, বৈদ্যুতিক স্থাপনা, শীতাতাপ নিয়ন্ত্রণসহ অন্যান্য সকল ইমারত সেবা বাস্তবায়ন করতে হবে।
- (১১) সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন পরিষদ প্রযোজ্য ক্ষেত্রে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করতে পারবে। প্রয়োজনে বিশেষজ্ঞ প্যানেল প্রণয়ন (Panel of Experts) করে তাদের মতামতের ভিত্তিতে প্ল্যান অনুমোদন, ভবন নির্মাণ, পুনঃনির্মাণ, অপসারণ ইত্যাদির ব্যবস্থা গ্রহণ করবে।
- (১২) ভবনের মালিক/ডেভেলপার Architectural, Structural, Electrical, Plumbing & Fire fitting নক্সা বিশেষজ্ঞ স্থপতি, প্রকৌশলী অথবা পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদনের মাধ্যমে কমিটির নিকট দাখিল করবেন। কমিটি এতদসংশ্লিষ্ট বিশেষজ্ঞ স্থপতি, প্রকৌশলী অথবা পরামর্শক

প্রতিষ্ঠানের স্বাক্ষর ও প্রত্যয়ন যাচাই করবে।

- (১৩) ইমারত আংশিক বা সম্পূর্ণ নির্মাণ সম্পন্ন হবার পর বসবাস বা ব্যবহার সনদপত্র গ্রহণ করতে হবে। এজন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নলিখিত দলিল এবং নকশাদি সংরক্ষণের জন্য দাখিল করতে হবে। যথা:
- (ক) সুপারভিশন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত সমাপ্ত প্রতিবেদন;
- (খ) কমিটি কর্তৃক অনুমোদিত স্থাপত্য নকশার ভিত্তিতে নির্মিত ইমারতের নকশা;
- (গ) ইমারত সেবা সংক্রান্ত সকল নকশা; এবং
- (ঘ) ইমারতের নির্মাণ সংক্রান্ত Test Report যেমন: Cylinder Test Report এবং MS রড Test Report সহ প্রতিবেদন।
- উল্লিখিত নকশার অপরাধতা ও উপযুক্ততার যাবতীয় দায়ভার সংশ্লিষ্ট পেশাজীবীদের (স্থাপতি ও প্রকৌশলী) উপর বর্তাবে।
- (১৪) নবনির্মিত ভবনটি পরিদর্শন করে কমিটি ভবন ব্যবহারের অনুমতিপত্র প্রদান করবে;
- (১৫) যে উদ্দেশ্যে ভবন নির্মাণের অনুমতি দেওয়া হয়েছে সে উদ্দেশ্যে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ভবন ব্যবহার করা যাবে না।

(মো: মাহাবুবুর রহমান)
উপসচিব

বিতরণ:

- ০১। জেলা প্রশাসক (সকল).....জেলা।
- ০২। উপসচিব, স্থানীয় সরকার (সকল).....জেলা। তাঁর জেলার সকল ইউপি চেয়ারম্যান এর লিখিত উক্ত পত্রের ছায়ালিপি প্রেরণের অনুরোধসহ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....উপজেলা.....জেলা।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(স্থানীয় সরকার শাখা)
www.kurigram.gov.bd

উন্নয়নের গণভঙ্গ
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৪.০৩.০১১.১৭-৫৪৬

তারিখ : ০৯ ভাদ্র ১৪২৪
২৪ আগস্ট ২০১৭

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সহকারী পরিচালক
স্থানীয় সরকার
কুড়িগ্রাম।

- ১। চেয়ারম্যান, কুড়িগ্রাম উপজেলা পরিষদ (সকল), কুড়িগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুড়িগ্রাম।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কুড়িগ্রাম।

অনুলিপি :

- ১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিএ টু ডিডিএলজি, কুড়িগ্রাম (ডিডিএলজি, কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য)।